ইনস্টিটিউশন (বিএসটিআই), পরিবেশ অধিদপ্তর (ডিওই), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), সিটি কর্পোরেশন, প্রধান বয়লার পরিদর্শক কার্যালয় এবং শিল্প উন্নয়নে কাজ করা একাডেমিক গবেষকদের মতো সংশ্লিষ্ট সরকারি সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। এই সাক্ষাৎকারগুলি নিম্নলিখিত ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে:

- নিয়ন্ত্রক জটিলতা চিহ্নিতকরণ
- প্রকৃত লাইসেন্সিং চ্যালেঞ্জসমূহ বোঝা
- খাত-নির্দিষ্ট প্রয়োজনীয়তা চিত্রায়ন
- লাইসেন্সিং পদ্ধতির নির্ভুলতা যাচাইকরণ

গবেষণার পরিধি ও পণ্য অন্তর্ভুক্তিকরণ

শিল্পের বৈচিত্র্য প্রতিফলিত করতে গাইডবুকটিতে লাইট ইঞ্জিনিয়ারিংয়ের বিস্তৃত উপ-খাতসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রধান পণ্য শ্রেণীর মধ্যে রয়েছে:

- অটোমোবাইল ও অটো যন্ত্রাংশ
- কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জাম
- স্পেয়ার পার্টস ও ধাতব উপাদান
- সবুজ প্রযুক্তি পণ্য
- ব্যাটারি ও সৌরশক্তি উপাদান
- সাইকেল ও সাইকেল আনুষঙ্গিক

এই সমন্বিত চিত্রায়ন ঐতিহ্যগত প্রকৌশল কারখানা এবং উদীয়মান প্রযুক্তি-ভিত্তিক উদ্যোগ উভয়ের জন্যই প্রাসঙ্গিকতা নিশ্চিত করে।


বিশ্লেষণাত্মক কাঠামো ও তথ্য ত্রিভূজকরণ

পদ্ধতিগত নকশায় নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত ছিল:

- সরকারি পরিপত্র, লাইসেন্সিং ফরম, আবেদন প্রক্রিয়া, ফি কাঠামো এবং নবায়ন পদ্ধতি বিশ্লেষণ।
- ডিজিটাল পোর্টাল (আরজেএসসি, এনবিআর, বিএসটিআই, ডিওই, বিডা ইত্যাদি) পর্যালোচনা।
- সাহিত্য, কেআইআই এবং স্টেকহোল্ডার প্রতিক্রিয়া থেকে প্রাপ্ত তথ্যের আন্তঃপর্যায় যাচাইকরণ।
- প্রক্রিয়াচিত্র, লাইসেন্স ম্যাট্রিক্স এবং সম্মতি চেকলিস্ট তৈরি।
- এই ত্রিভূজকরণ কৌশল গবেষণা ফলাফলের নির্ভরযোগ্যতা, নির্ভুলতা এবং খাতগত প্রাসঙ্গিকতা উন্নত করেছে।

যাচাইকরণ ও গুণগত নিশ্চয়তা প্রক্রিয়া

যাচাইকরণ প্রক্রিয়া তিনটি স্তর অনুসরণ করেছে:



১. প্রাথমিক যাচাই: গবেষণা টিমের অভ্যন্তরীণ পর্যালোচনা ও সংশোধন।

২. বহিঃস্থ পর্যালোচনা: প্রাসঙ্গিক সরকারি সংস্থা এবং খাত বিশেষজ্ঞদের কাছে খসড়া প্রেরণ ও তাদের মতামত অন্তর্ভুক্তকরণ।

৩. চূড়ান্ত অনুমোদন: বিল্ড -এর নেতৃত্ব ও অংশীদারদের সাথে চূড়ান্ত আলোচনা ও স্বীকৃতি।

প্রত্যাশিত ফলাফল ও অবদান

চূড়ান্ত গাইডবুকটি ছড়িয়ে থাকা নিয়ন্ত্রক তথ্যসমূহ একটি প্রবেশযোগ্য বিন্যাসে সংহত করেছে এবং নিম্নলিখিত বিষয়গুলি সরবরাহ করে:

- একটি হালকা প্রকৌশলব্যবসা শুরু ও পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল লাইসেন্সের পূর্ণাঙ্গ চিত্র
- ধাপে ধাপে পদ্ধতি স্পষ্টকরণ
- দায়িত্বপ্রাপ্ত সংস্থার বিবরণ, আনুমানিক খরচ এবং প্রক্রিয়াকরণ সময়
- নবায়নের প্রয়োজনীয়তা
- লাইসেন্সিং ধাপগুলি দৃশ্যত সহজবোধ্য করার জন্য প্রক্রিয়াচিত্র

গাইডবুকটির উদ্দেশ্য হল:

- নিয়ন্ত্রক স্বচ্ছতা বৃদ্ধি করা
- আনুগত্যের ব্যয় হ্রাস করা
- এসএমইগুলোর আনুষ্ঠানিককরণে সহায়তা করা
- ব্যবসা করার সহজতা উন্নত করা
- বাংলাদেশের সবচেয়ে সম্ভাবনাময় উৎপাদন খাতগুলোর একটির প্রতিযোগিতামূলকতা শক্তিশালী করা


অধ্যায় ৩
রেগুলেটরি ইস্যু
(সাধারণ লাইসেন্স/সার্টিফিকেট/পারমিট/ নিবন্ধন/অনুমতি পত্র ইত্যাদির বিবরণ)

সাধারণ লাইসেন্সসমূহ

বাংলাদেশে ব্যবসা শুরু করতে, তা বাণিজ্যিক, উৎপাদনমূলক বা সেবা খাতেই হোক না কেন, বৈধ ও কার্যক্রমগত সম্মতি নিশ্চিত করতে একটি ধারাবাহিক নিয়ন্ত্রক অনুমোদন ও লাইসেন্স সংগ্রহ আবশ্যক। সাধারণত, উদ্যোক্তাদেরকে পনেরো (১৫) টি মূল লাইসেন্স ও নিবন্ধন নিয়ে কাজ শুরু করতে হয়, যার সূচনা হয় ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার (টিআইএন), ট্রেড লাইসেন্স এবং ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্টের মতো মৌলিক প্রয়োজনীয়তা থেকে। নিগমিত সত্তার জন্য নাম ছাড়পত্র সার্টিফিকেট এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি)-এর সাথে নিবন্ধন অপরিহার্য।

শিল্প প্রকল্পগুলির জন্য আরও প্রয়োজন হয় কারখানা লেআউট, স্থাপনা নির্মাণ এবং শিল্প উৎপাদনের অনুমোদন, পাশাপাশি অগ্নি নিরাপত্তা, গ্যাস, পানি ও বিদ্যুৎ সংযোগ লাইসেন্স। এছাড়াও, আমদানিকারক ও রপ্তানিকারকদের জন্য প্রয়োজন হয় আমদানি নিবন্ধন সার্টিফিকেট (আইআরসি), রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট (ইআরসি) এবং ব্যবসায়িক পরিচিতি নম্বর (বিআইএন)

এই সমস্ত প্রক্রিয়া একসাথে ব্যবসায়িক কার্যক্রমকে আনুষ্ঠানিক রূপ দেয় এবং বাংলাদেশের কর, নিরাপত্তা ও খাতভিত্তিক নিয়ন্ত্রণ কাঠামোর সাথে সঙ্গতি নিশ্চিত করে। একটি নতুন উদ্যোগের জন্য এই মৌলিক লাইসেন্স ও অনুমতিসমূহ প্রাপ্তির বিস্তারিত প্রক্রিয়া নিচে উপস্থাপন করা হলো।



করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে কোনো কোম্পানিকে বৈধভাবে কার্যক্রম পরিচালনা করতে ও কর পরিশোধের জন্য করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন) প্রয়োজন।
যাদের জন্য প্রয়োজন	নতুন নিবন্ধিত কোম্পানি বা যেসব প্রতিষ্ঠানের টিআইএন নম্বর নেই।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.incometax.gov.bd

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ


পূর্বশর্ত	আরজেএসসি-এর আওতায় কোম্পানি নিবন্ধন অথবা ডিসি অফিস, ইউনিয়ন পরিষদ বা সিটি করপোরেশনের অধীনে নিবন্ধন।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	কোম্পানির নিবন্ধিত নাম	আরজেএসসি নিবন্ধন অনুযায়ী
	ইনকরপোরেশন নম্বর ও তারিখ	আরজেএসসি কর্তৃক প্রদত্ত
	কোম্পানির নিবন্ধিত ঠিকানা	
	অনুমোদিত ব্যক্তির নাম	ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান বা প্রতিনিধি
	ইউনিক মোবাইল নম্বর	যাচাইকরণ ও যোগাযোগের জন্য
	সার্টিফিকেট ডেলিভারির জন্য ইমেল ঠিকানা	

দ্রষ্টব্য: আরজেএসসি নিবন্ধিত নয় এমন কোম্পানিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট ডকুমেন্ট জমা দিতে হবে। ডকুমেন্ট আপলোড সবসময় প্রাথমিকভাবে প্রয়োজন নাও হতে পারে, তবে প্রতিষ্ঠা-সংক্রান্ত সকল দলিল ও নথিপত্র প্রস্তুত রাখা উচিত।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক এই লিংকে প্রবেশ: https://www.incometax.gov.bd
ধাপ ২	ফরম পূরণ
ধাপ ৩	সিস্টেম অ্যাক্টিভেশন কোড প্রাপ্তি
ধাপ ৪	অন্যান্য তথ্য প্রদান
ধাপ ৫	অনলাইনে ফর্ম জমা
ধাপ ৬	ইমেইলে সার্টিফিকেট গ্রহণ
ধাপ ৭	টিআইএন সার্টিফিকেট গ্রহণ

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফর্ম	কোনো ফি নেই
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৩০ মিনিট
সাধারণ প্রসেসিং সময়	সহায়তাকারী সেবা প্রদানকারীর সম্পৃক্ততা মাঝে মাঝে অতিরিক্ত ব্যয় সৃষ্টি করতে পারে।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতাসমূহ	• ভুল ফরম পূরণ করা • ভুল তথ্য (যেমন: নামের বানান, মোবাইল নম্বর) • ঠিকানা কেন্দ্রিক অসামঞ্জস্য
স্থানভেদে পার্থক্য	সার্কেল অফিস
যোগাযোগ	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)
সুপারিশ	একটি নির্দিষ্ট ব্যবসায় নিবন্ধন পোর্টাল চালু করা যেতে পারে, যেখানে আবেদনের মাধ্যমেই ই-টিআইএন, বিআইএন এবং অন্যান্য প্রাসঙ্গিক নিবন্ধন করা সম্ভব।

ট্রেড লাইসেন্স

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	• ব্যবসা পরিচালনার আইনগত অনুমতি প্রাপ্তি। • বাংলাদেশে যেকোনো ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করতে এবং স্থানীয় সরকার কর্তৃপক্ষের বিধিনিষেধ মেনে চলতে বৈধ ট্রেড লাইসেন্স থাকা বাধ্যতামূলক।
যাদের জন্য প্রয়োজন	• প্রোপ্রাইটরশিপ, পার্টনারশিপ এবং লিমিটেড কোম্পানি সহ সবধরনের ব্যবসায়; এছাড়াও যারা ট্রেডিং, সেবা বা উৎপাদন কার্যক্রমে যুক্ত। • মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ – সব ধরনের উদ্যোক্তার জন্য প্রযোজ্য।
সেবার আওতা	• সারা দেশে সিটি করপোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদান করা হয়।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয় বা সংস্থা	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) (এই কার্যালয়টি উদাহরণ হিসেবে প্রদান করা হয়েছে।) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
অনলাইন পোর্টাল/ লিঙ্ক	http://erevenue.dncc.gov.bd

নবায়ন

সময়	বাৎসরিক (আবেদনকারী একবারে সর্বোচ্চ পাঁচ বছরের জন্য ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারেন)
মাধ্যম	অনলাইন ও অফলাইন (ই-ট্রেড লাইসেন্স, স্থানীয় সরকার বিভাগ) https://www.etradelicense.gov.bd/DefaultEng


প্রয়োজনীয়তা

পূর্বশর্ত	বাসস্থানটি বৈধ ও আইনসম্মত হতে হবে।					
প্রয়োজনীয় কাগজপত্র	কাগজপত্র	মন্তব্য	একক মালিকানাধীন	অংশীদারি	লিমিটেড	শিল্প/ উৎপাদনকারী
	নির্ধারিত আবেদনপত্র	http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
	সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি	৩টি কপি ও ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত	✓	✓	✓	✓
	ভাড়া চুক্তিপত্র/মালিকানার প্রমাণপত্র	নিজস্ব সম্পত্তি হলে হোল্ডিং ট্যাক্স বা কর পরিশোধের রসিদ	✓	✓	✓	✓
	ভাড়া পরিশোধের রসিদ	রসিদের কপি	✓	✓	✓	✓
	লিমিটেড কোম্পানির মেমোরেন্ডাম	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	জাতীয় পরিচয়পত্র (NID)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	পরিশোধিত মূলধন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	ব্যাংক সলভেন্সি বা আর্থিক স্বচ্ছলতার সনদ		✓	✓	✓	✓
	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের লাইসেন্স	মূল কপির অনুলিপি	✗	✗	✗	✓
দ্রষ্টব্য: সব ধরনের ব্যবসায়িক কাঠামোর ক্ষেত্রেই কেনাবেচা (ট্রেডিং) এবং সেবা–উভয়ই অন্তর্ভুক্ত।						

প্রক্রিয়া

ধাপসমূহ		একক	অংশীদারি	লিমিটেড	শিল্প
ধাপ ১	লগ-ইন করুন http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
ধাপ ২	প্রয়োজনীয় সব তথ্যসহ ফরম পূরণ করে জমা দান	✓	✓	✓	✓
ধাপ ৩	লাইসেন্সিং সুপারভাইজার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে)	✗	✗	✓	✓
ধাপ ৪	পরিদর্শন প্রতিবেদন ইতিবাচক হলে আবেদনকারীকে অবহিতকরণ	✗	✗	✓	✓
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক পোর্টালের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ	✓	✓	✓	✓
ধাপ ৬	আবেদনকারী কর্তৃক ট্রেড লাইসেন্স গ্রহণ	✓	✓	✓	✓

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	১০.০০ টাকা
লাইসেন্স ফি	ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট

সময়সীমা

এসএলএ/ সময়	৩-৭ কার্যদিবস (সিটিজেন চার্টার অনুযায়ী)
প্রক্রিয়াকরণের স্বাভাবিক সময়	যদি আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথি সঠিকভাবে প্রস্তুত ও জমা দেওয়া হয়, তাহলে লাইসেন্স ইস্যু করার প্রক্রিয়ায় সাধারণত কোনো বিলম্ব হওয়ার কথা নয়। অধিকাংশ ক্ষেত্রে বিলম্ব ঘটার কারণ হলো, অনেক আবেদনকারী সম্পূর্ণ বা যথাযথভাবে প্রস্তুতকৃত হালনাগাদ নথি প্রদান করতে ব্যর্থ হন। এর ফলে সরকারি কর্মকর্তাদের ডিসক্রিশনারি ট্রিটমেন্টের সুযোগ সৃষ্টি হয়। এছাড়া, অনথিভুক্ত শর্তাবলিও বিলম্বের কারণ হয়ে দাঁড়ায়।

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র		
	নথিপত্র	**মন্তব্য**
	বিদ্যমান ট্রেড লাইসেন্স নম্বর	শনাক্তকরণের জন্য
	নবায়ন ফি	সরকারি নীতিমালা অনুযায়ী

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী পোর্টালের মাধ্যমে ট্রেড লাইসেন্স নম্বর জমা দেবেন
ধাপ ২	সরকারি নীতিমালা অনুযায়ী ১-৫ বছরের নবায়ন ফি পরিশোধ করবেন
ধাপ ৩	নবায়নকৃত ট্রেড লাইসেন্স গ্রহণ করবেন

ফি

	নবায়ন ফি-র পরিমাণ ইস্যুয়েন্স ফি-র সমান–যার মধ্যে প্রযোজ্য সারচার্জ, ভ্যাট এবং আয়কর অন্তর্ভুক্ত রয়েছে (নবায়ন ফি-র ওপর ১৫% ভ্যাট এবং ৫০০ টাকা থেকে ৩,০০০ টাকা পর্যন্ত আয়কর)।

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• অতিরিক্ত নথিপত্র ও শর্তাবলির পুনরাবৃত্তি • ম্যানুয়াল বা আংশিক ম্যানুয়াল-ডিজিটাল প্রক্রিয়া • স্বচ্ছতার অভাব ও অস্পষ্ট কার্যপ্রণালী • ঘন ঘন নবায়ন ও স্বল্প মেয়াদের বৈধতা • কর্মীদের সীমিত সক্ষমতা বা অদক্ষতা • পরিদর্শনে বিলম্ব • নথিপত্র ও সনদ প্রদানের প্রক্রিয়ায় একরূপতার অভাব
স্থানীয় ভিন্নতা	সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদগুলোর মধ্যে ফি ও প্রয়োজনীয় নথিপত্রের ক্ষেত্রে স্থানীয় ভিন্নতা রয়েছে।
যোগাযোগের কেন্দ্রবিন্দু	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬ রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
সুপারিশসমূহ	• সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) ক্ষেত্রে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়াকে একীভূত, মানসম্মত এবং সম্পূর্ণ অনলাইন-ভিত্তিক করা উচিত। • লাইসেন্স প্রদান ও নবায়ন সহজতর করার লক্ষ্যে একটি কেন্দ্রীয় সফটওয়্যার ব্যবস্থা তৈরি করা যেতে পারে, যা বিশেষায়িত সিস্টেম ও জনবলের মাধ্যমে পরিচালিত হবে। • এমন একটি ব্যবস্থা চালু ও ব্যাপকভাবে প্রচার করা উচিত যার মাধ্যমে সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) অধীনে সর্বোচ্চ পাঁচ বছরের মেয়াদের জন্য ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন করা সম্ভব হবে। ট্রেড লাইসেন্সের আবেদনপত্রেও এমন একটি বিধান অন্তর্ভুক্ত করা উচিত যাতে উল্লেখ থাকে যে, সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত মেয়াদের লাইসেন্স গ্রহণ করা সম্ভব।
সুপারিশ	• পরস্পর-অতিক্রান্ত (overlapping) প্রয়োজনীয় শর্তাবলি এবং নথিবদ্ধ নয় এমন মানদণ্ডের অত্যধিক সংখ্যা কমিয়ে আনা, যা বর্তমানে ইচ্ছামাফিক বিলম্বের সুযোগ সৃষ্টি করে। • পরিদর্শনের জন্য একটি স্বচ্ছ ও সম্পূর্ণ ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে কায়িক (manual) বা আংশিক কায়িক-ডিজিটাল প্রক্রিয়া থেকে সরে আসা।

ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (বিআইএন)/ ভ্যাট নিবন্ধন

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	ভ্যাট ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ভ্যাট সম্মতির জন্য ব্যবসায় শনাক্তকরণ নম্বর (ইওঘ) সংগ্রহ করা।
যাদের জন্য প্রয়োজন	যে কোনো ব্যবসা যা ভ্যাটযোগ্য পণ্য/সেবা বিক্রয়, উৎপাদন বা আমদানি-রপ্তানিতে প্রয়োজন।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.nbr.gov.bd (feedbackvat@nbr.gov.bd)

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ

পূর্বশর্ত	বৈধ ট্রেড লাইসেন্স এবং টিআইএন সার্টিফিকেট। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যক্রম অনুযায়ী আইআরসি/ইআরসি প্রয়োজন হতে পারে।


প্রয়োজনীয় নথিপত্র	**মন্তব্য**
বৈধ ট্রেড লাইসেন্স	মূল কপির অনুলিপি
টিআইএন সার্টিফিকেট	মূল কপির অনুলিপি
আমদানি/রপ্তানি নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
সব ব্যবসা আউটলেটের ঠিকানাসহ তালিকা	
মূল ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট	
বিডা নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে
মালিক/ম্যানেজিং ডিরেক্টরের পাসপোর্ট সাইজ ছবি	২ কপি
ব্যবসা প্রতিষ্ঠানের দলিল বা মালিকানার প্রমাণ	মূল কপির অনুলিপি

নোট: নিবন্ধনের পর বিআইএন অবশ্যই সব ব্যবসা প্রতিষ্ঠানে প্রদর্শন করতে হবে এবং ভ্যাট সংক্রান্ত নথিপত্র যথাযতভাবে সংরক্ষণ করতে হবে।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	এনবিআর জোনাল অফিস বা এনবিআর ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ
ধাপ ২	প্রয়োজনীয় নথিসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র জমা
ধাপ ৩	এনবিআর কর্তৃক দাখিলকৃত নথি যাচাই
ধাপ ৪	প্রয়োজন হলে এনবিআর কর্তৃক ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক ভ্যাট নিবন্ধন সনদ গ্রহণ

বিআইএন (মূল্য সংযোজন কর) নিবন্ধন



ফি

আবেদন ফরম	কোনো সরকারি ফি বা অন্যান্য চার্জ নেই।
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৭-১৪ দিন
সাধারণ প্রসেসিং সময়	৭-১৪ দিন

প্রক্রিয়ায় বিলম্ব এড়াতে সমস্ত জমাকৃত নথি যথাযথভাবে সত্যায়িত এবং সম্পূর্ণ হওয়া নিশ্চিত করুন। ভ্যাট বিধিমালা মেনে চলুন।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• ভুল বা অসম্পূর্ণ তথ্য • যথাযথ নথিপত্র না থাকা বা পুরোনো নথি প্রদান • ভ্যাট রেট নিয়ে বিভ্রান্তি • অনলাইন পোর্টালের কারিগরি সমস্যা • ব্যবসার প্রকৃতি বা উদ্দেশ্য ভুলভাবে বোঝা • ব্যবসায় আগ্রহের অভাব
স্থানীয় ভিন্নতা	ভ্যাট সার্কেল
যোগাযোগ	এনবিআর ভ্যাট উইং
সুপারিশ	ই-টিআইএন ও বিআইএন সনদের জন্য কিউআর-কোড ভিত্তিক যাচাইকরণ ব্যবস্থা চালু করা, যাতে ব্যাংক, সরকারি সংস্থা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে সেগুলো যাচাই করতে পারে।

বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা

বাংলাদেশে একটি ব্যবসা শুরু করতে হলে ব্যাংক অ্যাকাউন্ট খোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ধাপ। উদ্যোক্তাকে একটি তফসিলি ব্যাংক নির্বাচন করতে হয় এবং প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করতে হয়, যেমন ট্রেড লাইসেন্স (বা শুরুর পর্যায়ে থাকা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নামের ছাড়পত্র), কর শনাক্তকরণ নম্বর (টিআইএন), জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এবং সংশ্লিষ্ট ব্যবসা নিবন্ধনের কাগজপত্র। সাধারণত অ্যাকাউন্টটি ব্যবসার নামে খোলা হয়, যাতে সমস্ত আর্থিক লেনদেন আইনগতভাবে রেকর্ড হয় এবং স্বচ্ছ থাকে।

কেন এটি গুরুত্বপূর্ণ:

একটি ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্ট ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অর্থ আলাদা রাখতে সাহায্য করে, সঠিক আর্থিক নথি সংরক্ষণ নিশ্চিত করে এবং বাংলাদেশ ব্যাংকের বিধানসমূহ মেনে চলতে সহায়তা করে। এর মাধ্যমে প্রতিষ্ঠান অর্থ গ্রহণ, সরবরাহকারীদের অর্থ প্রদান, ঋণ বা ক্রেডিট সুবিধা গ্রহণসহ বিভিন্ন লেনদেন নির্বিঘ্নে পরিচালনা করতে পারে। তাছাড়া, কোম্পানি নিবন্ধন এবং বিভিন্ন লাইসেন্স প্রক্রিয়ায় বিজনেস ব্যাংক অ্যাকাউন্টের প্রমাণ আবশ্যক– যা ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করার মৌলিক ধাপ হিসাবে বিবেচিত হয়।

ব্যবসার ধরন অনুযায়ী বাংলাদেশে ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় নথিপত্র:

ব্যবসার ধরন	প্রয়োজনীয় নথিপত্র
একক স্বত্বাধিকারী প্রতিষ্ঠান	• বৈধ ট্রেড লাইসেন্স • মালিকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট • ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট • মালিকের সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ছবি • ব্যবসার ঠিকানার প্রমাণ (ইউটিলিটি বিল বা ভাড়ার চুক্তিপত্র)
পার্টনারশিপ প্রতিষ্ঠান	• পার্টনারশিপ ডিড (প্রযোজ্য হলে নিবন্ধিত) • বৈধ ট্রেড লাইসেন্স • পার্টনারশিপের জন্য টিআইএন সার্টিফিকেট • সকল পার্টনারের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • সকল পার্টনারের পাসপোর্ট সাইজ ছবি • অ্যাকাউন্ট খোলার জন্য পার্টনারশিপ রেজল্যুশন • ব্যবসার ঠিকানার প্রমাণ
লিমিটেড কোম্পানি	• আরজেএসসি কর্তৃক প্রদত্ত ইনকরপোরেশন সার্টিফিকেট • মেমোরেনডাম এবং আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন– আরজেএসসির ফরম XII (পরিচালকদের বিবরণ) • বৈধ ট্রেড লাইসেন্স • কোম্পানির টিআইএন সার্টিফিকেট • সকল পরিচালকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • অনুমোদিত স্বাক্ষরকারীদের পাসপোর্ট সাইজ ছবি • বোর্ড রেজল্যুশন (অ্যাকাউন্ট খোলার অনুমোদন) • নিবন্ধিত অফিসের ঠিকানার প্রমাণ

একটি চলতি হিসাব (কারেন্ট অ্যাকাউন্ট) খোলার জন্য পছন্দের ব্যাংক নির্বাচন করা, শাখায় গিয়ে আবেদনপত্র পূরণ করা এবং প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হয়। প্রাথমিক অর্থ জমা প্রদান করার পর ব্যাংক আপনার আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে, এবং প্রক্রিয়া শেষ হলে আপনার অ্যাকাউন্ট সক্রিয় হয়ে ব্যবহারের জন্য প্রস্তুত হয়।

বর্তমানে অধিকাংশ ব্যাংকে অনলাইন সেবা রয়েছে এবং সব নথি প্রস্তুত ও হালনাগাদ থাকলে মাত্র একবার শাখায় গিয়ে এক দিনের মধ্যেই ব্যাংক অ্যাকাউন্ট খোলা সম্ভব।

সুপারিশ	একই দিনে অ্যাকাউন্ট সচল করার সুবিধার্থে ব্যাংকিং পোর্টালগুলোকে সরকারি ডিজিটাল আইডি ব্যবস্থার সাথে সংযুক্ত করুন।

নামের ছাড়পত্র সনদ

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	নতুন কোনো প্রতিষ্ঠান নিবন্ধনের (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ প্রতিষ্ঠান ব্যতীত) জন্য নামের ছাড়পত্র সনদ একটি পূর্বশর্ত।
যাদের জন্য প্রয়োজন	নতুন কোম্পানি, সমিতি বা ট্রেড সংগঠনের উদ্যোক্তা।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১ ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	প্রস্তাবিত নতুন সত্তার প্রমোটর হতে হবে।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	নামের ছাড়পত্রের জন্য আবেদন	
	প্রমোটরদের ১ম সাধারণ সভার কার্যবিবরণী	শুধু কোম্পানির জন্য

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক অনলাইনে আবেদনপত্র পূরণ
ধাপ ২	আরজেএসসি ওয়েবসাইটে ই-অ্যাকাউন্ট খোলা
ধাপ ৩	আরজেএসসি ওয়েবসাইটে প্রাথমিক নাম অনুসন্ধান করা
ধাপ ৪	ফি জমা দেয়া
ধাপ ৫	টাকা জমার রসিদ/মানি রিসিপ্ট জমা দেয়া
ধাপ ৬	নেম ক্লিয়ারেন্স সার্টিফিকেট সংগ্রহ করা

প্রক্রিয়াচিত্র

নামের ছাড়পত্র সনদ



ফি

আবেদন ফরম	অনলাইন
লাইসেন্স ফি	কোম্পানির জন্য: প্রস্তাবিত প্রতিটি নামের জন্য ৫০০ টাকা; পার্টনারশিপ ফার্মের জন্য: ৫০০ টাকা; সোসাইটির জন্য: ২,০০০ টাকা; ট্রেড অর্গানাইজেশনের জন্য: ৫০০ টাকা
অন্যান্য চার্জ	কোনো নির্দিষ্ট চার্জ নেই

প্রক্রিয়াকরণের সময়

স্ট্যাচুয়েটরি এসএলএ	৪ ঘণ্টা
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	১ দিন

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপসমূহ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• প্রস্তাবিত নামের সমস্যা (সম্পূর্ণ আলাদা না হওয়া) • আবেদন প্রক্রিয়ায় জটিলতা • ওয়েবসাইট ও সার্ভারজনিত সমস্যা (ইন্টারনেট সংযোগ, সার্ভার ডাউন ইত্যাদি)
স্থানভেদে পার্থক্য	নাগরিক সনদ অনুসরণ করুন অথবা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করুন।
যোগাযোগ	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
সুপারিশ	নামের প্রাপ্যতা সম্পর্কে তাৎক্ষণিক ফলাফল প্রদানকারী একটি অধিকতর শক্তিশালী প্রাথমিক নাম অনুসন্ধান টুল (Tool) চালু করুন।

কোম্পানি নিবন্ধন (প্রাইভেট ও পাবলিক)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে একটি কোম্পানির আইনগত ভিত্তি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠা করা।
যাদের জন্য প্রয়োজন	প্রাইভেট কোম্পানি, পাবলিক কোম্পানি, ওয়ান পার্সন কোম্পানি (ওপিসি), বিদেশি কোম্পানি, ট্রেড অর্গানাইজেশন, সমিতি এবং পার্টনারশিপ ফার্ম।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি) টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	বার্ষিক রিটার্ন জমা দেওয়ার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন সম্পন্ন হয়।
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	বৈধ নেম ক্লিয়ারেন্স সনদ থাকতে হবে (বিদেশি কোম্পানি এবং পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে প্রয়োজন নেই)।

প্রয়োজনীয় নথিপত্র	নথিপত্র	মন্তব্য
প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী ভিন্ন হয়। বিস্তারিত তালিকা মূল টেক্সটে দেখুন।		

প্রতিষ্ঠানের ধরন	প্রয়োজনীয় নথিপত্র
প্রাইভেট কোম্পানি	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল কপি + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: কোম্পানি নিবন্ধনের ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI পূরণকৃত: রেজিস্টার্ড অফিসের ঠিকানা এবং পরিবর্তনের নোটিশ [ধারা ৭৭] ৪। ফরম IX পূরণকৃত: পরিচালকের কার্যনির্বাহের সম্মতি [ধারা ৯২] ৫। ফরম X পূরণকৃত: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII পূরণকৃত: পরিচালক, ম্যানেজার এবং ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ৮। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও বাংলাদেশ ব্যাংকের ট্রেজারি চালানের (ফটোকপি) রসিদ
প্রাইভেট কোম্পানি	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল কপি + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: কোম্পানি নিবন্ধনের ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI পূরণকৃত: রেজিস্টার্ড অফিসের ঠিকানা এবং পরিবর্তনের নোটিশ [ধারা ৭৭] ৪। ফরম IX পূরণকৃত: পরিচালকদের কার্যনির্বাহের সম্মতি [ধারা ৯২] ৫। ফরম X পূরণকৃত: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII পূরণকৃত: পরিচালক/ম্যানেজার/ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। ফরম XIV পূরণকৃত: ব্যবসা শুরু করার পূর্বে ঘোষণাপত্র (প্রসপেক্টাসের পরিবর্তে বিবৃতি জমা দিলে প্রযোজ্য) [ধারা ১৫০] ৮। ফরম XI (প্রয়োজন হলে): প্রস্তাবিত কোম্পানিতে যোগ্যতার শেয়ার গ্রহণের চুক্তি [ধারা ৯২] ৯। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ১০। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও ট্রেজারি চালানের ফটোকপি

প্রতিষ্ঠানের ধরন	প্রয়োজনীয় নথিপত্র
ওপিসি	১। ফরম XXXVI পূরণকৃত: কোম্পানির চার্টার/স্ট্যাচুট/মেমোরেনডাম/আর্টিকেলস (কোম্পানির গঠনসংক্রান্ত দলিল) ২। ফরম XXXVII পূরণকৃত: রেজিস্টার্ড/প্রধান কার্যালয়ের ঠিকানা ৩। ফরম XXXVIII পূরণকৃত: পরিচালক ও ম্যানেজারদের তালিকা [ধারা ৩৭৯] ৪। ফরম XXXIX পূরণকৃত: নোটিশ–সার্ভিস গ্রহণের অনুমোদিত ব্যক্তিবর্গ [ধারা ৩৭৯] ৫। ফরম XLII পূরণকৃত: বাংলাদেশে প্রধান ব্যবসা স্থানের ঠিকানা ও পরিবর্তনসমূহ [ধারা ৩৭৯(১)] ৬। নির্ধারিত তফসিলি ব্যাংক থেকে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ৭। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর অনুমতি
বিদেশি কোম্পানি	১। ফরম XXXVI পূরণকৃত: কোম্পানির চার্টার/স্ট্যাচুট/মেমোরেনডাম ও আর্টিকেলস (কোম্পানির গঠনসংক্রান্ত দলিল) ২। ফরম XXXVII পূরণকৃত: রেজিস্টার্ড বা প্রধান কার্যালয়ের ঠিকানা ৩। ফরম XXXVIII পূরণকৃত: পরিচালক ও ম্যানেজারদের তালিকা [ধারা ৩৭৯] ৪। ফরম XXXIX পূরণকৃত: সার্ভিস গ্রহণের অনুমোদিত ব্যক্তিদের রিটার্ন [ধারা ৩৭৯] ৫। ফরম XLII পূরণকৃত: বাংলাদেশে প্রধান ব্যবসা স্থানের ঠিকানা বা পরিবর্তনসমূহ [ধারা ৩৭৯(১)] ৬। তফসিলি ব্যাংক থেকে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ৭। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর অনুমতি
ট্রেড অর্গানাইজেশন	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: নিবন্ধন ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI: রেজিস্টার্ড অফিসের ঠিকানা ও পরিবর্তন [ধারা ৭৭] ৪। ফরম IX: পরিচালকের সম্মতিপত্র [ধারা ৯২] ৫। ফরম X: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII: পরিচালক/ম্যানেজার/ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। সরকারি লাইসেন্স (বাণিজ্য মন্ত্রণালয়ের ট্রেড লাইসেন্স) ৮। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ৯। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও ট্রেজারি চালানের ফটোকপি
সোসাইটি	১। মেমোরেনডাম অব অ্যাসোসিয়েশন ২। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র
পার্টনারশিপ প্রতিষ্ঠান	১। ফরম I: নিবন্ধনের জন্য প্রতিষ্ঠানের বিবরণ ২। পার্টনারশিপ ডিড

ফি

আবেদন ফরম	অনলাইন
লাইসেন্স ফি	কোম্পানি/পার্টনারশিপ ফার্ম/ট্রেড অর্গানাইজেশন: ৫০০ টাকা; সোসাইটি: ২,০০০ টাকা
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট প্রযোজ্য

সময়সীমা


স্ট্যাচুয়েটরি এসএলএ/অনলাইন	৩০ দিন
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	প্রযোজ্য নয়

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	অনুগ্রহ করে প্রথমে ইমেইল ঠিকানা ও মোবাইল নম্বর ব্যবহার করে আরজেএসসি পোর্টালে (https://app.roc.gov.bd/) একটি অ্যাকাউন্ট তৈরি করুন।
ধাপ ২	আবেদনকারী অনলাইনে আবেদনপত্র পূরণ করবেন।
ধাপ ৩	আবেদন ফরম সম্পূর্ণভাবে পূরণ করুন (বাধ্যতামূলক ঘরগুলো বাদ দেবেন না)।
ধাপ ৪	সমস্ত তথ্য পুনরায় যাচাই করুন এবং আবেদন সেভ করুন।
ধাপ ৫	প্রাসঙ্গিক সকল নথির স্ক্যান কপি আপলোড করুন।
ধাপ ৬	পূর্ণাঙ্গ আবেদন সেভ করে জমা দিন।
ধাপ ৭	আবেদন অনুমোদিত হলে আবেদনকারীকে ফি জমা দেওয়ার জন্য জানানো হবে।
ধাপ ৮	নির্দেশনা অনুযায়ী পেমেন্ট গেটওয়ে বা কাউন্টারের মাধ্যমে ফি জমা দিন।
ধাপ ৯	নির্ধারিত দিনের জন্য অপেক্ষা করুন।
ধাপ ১০	আবেদনকারী অনলাইনের মাধ্যমে অনুমোদন/সনদ/নিবন্ধন/পারমিট সংগ্রহ করবেন।

প্রক্রিয়াচিত্র

কোম্পানির নিবন্ধন (ব্যক্তিগত ও পাবলিক)



নবায়ন

প্রয়োজনীয় নথি	নবায়নের জন্য নির্দিষ্ট কোনো নথি উল্লেখ নেই (বার্ষিক রিটার্নের মাধ্যমে সম্পন্ন হয়)।
প্রক্রিয়ার ধাপসমূহ	বার্ষিক রিটার্ন দাখিল।
ফি	বার্ষিক রিটার্ন দাখিলের সঙ্গে সম্পর্কিত ফি।

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• নেম ক্লিয়ারেন্সের মেয়াদোত্তীর্ণ হওয়া • আরজেএসসি পোর্টালের সমস্যা • অসম্পূর্ণ বা ভুল নথি • ব্যাংক অ্যাকাউন্ট সংক্রান্ত জটিলতা (বিশেষ করে বিদেশি শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে) • বিদ্যমান শর্তাবলি/বাধ্যবাধকতা সম্পর্কে ধারণা না থাকা
স্থানভেদে ভিন্নতা	আরজেএসসি নিম্নোক্ত শর্ত পূরণ হলে 'সার্টিফিকেট অব ইনকরপোরেশন' ইস্যু করে– • প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য নেম ক্লিয়ারেন্স গ্রহণ করা হয়েছে (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ ফার্ম ব্যতীত) • নেম ক্লিয়ারেন্সের সনদের মেয়াদের মধ্যে নিবন্ধনের আবেদন জমা দেওয়া হয়েছে (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ ফার্ম ব্যতীত) • মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন (এমওএ এবং এওএ), নির্ধারিত ফরম ও সময়সূচি যথাযথভাবে প্রস্তুত ও জমা দেওয়া হয়েছে • প্রযোজ্য স্ট্যাম্প ও ফি প্রদান করা হয়েছে
যোগাযোগ	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি) টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd, ওয়েবসাইট: www.roc.gov.bd
সুপারিশ	পোর্টাল বা ব্যাংকিং সংক্রান্ত সমস্যার কারণে নিবন্ধন প্রক্রিয়া বিলম্বিত হলে স্বয়ংক্রিয়ভাবে নামের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা।

শিল্প প্রকল্পের নিবন্ধন (যৌথ উদ্যোগ এবং ১০০% বিদেশি মালিকানাধীন)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	যৌথ উদ্যোগ বা ১০০% বিদেশি বিনিয়োগসহ শিল্প প্রকল্পকে বিডা-এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিবন্ধন করা।
যাদের জন্য প্রয়োজন	যেসব কোম্পানি বাংলাদেশে বিদেশি বিনিয়োগসহ শিল্প প্রকল্প স্থাপন করছে।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	প্রধানমন্ত্রীর কার্যালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) বিনিয়োগ ভবন, ই-৬/বি, আগারগাঁও শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ফোন: +৮৮০-২-৪৪৮২৬৭৯৫-৯৯ ইমেইল: info@bida.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.bida.gov.bd

নবায়ন

ফ্রিকোয়েন্সি	প্রযোজ্য নয়
পদ্ধতি	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	কোম্পানিটি অবশ্যই ইনকরপোরেটেড হতে হবে এবং কারখানার অবস্থান অনুযায়ী ট্রেড লাইসেন্স থাকতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
১। যথাযথভাবে পূরণকৃত ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) নির্ধারিত আবেদনপত্র	
২। ইনকরপোরেশন সার্টিফিকেট	
৩। ট্রেড লাইসেন্সের কপি	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত (কারখানার অবস্থান অনুযায়ী) এবং নির্দিষ্ট সেক্টর উল্লেখ থাকতে হবে
৪। কোম্পানির টিআইএন সার্টিফিকেটের কপি	
৫। স্থানীয় ও আমদানিকৃত যন্ত্রপাতির তালিকা	কোম্পানির অফিসিয়াল প্যাডে জমা দিতে হবে
৬। এনক্যাশমেন্ট সার্টিফিকেট	
৭। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ডিরেক্টরেটের নো-অবজেকশন সার্টিফিকেট (এনওসি)	শিল্পনীতি ২০২২ অনুযায়ী নিয়ন্ত্রিত সেক্টরের ক্ষেত্রে
৮। মেমোরেনডাম ও আর্টিকেল অব অ্যাসোসিয়েশন	


সকল নথি কোম্পানির চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর/ডিরেক্টর কর্তৃক সত্যায়িত হতে হবে

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক ওএসএস ফরম পূরণ।
ধাপ ২	আবেদনকারী কর্তৃক ফি-সূচি অনুযায়ী যেকোনো তফসিলি ব্যাংকের মাধ্যমে বিডা-এর পক্ষে নিবন্ধন ফি জমা এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংগ্রহ করেন
ধাপ ৩	আবেদনকারী কর্তৃক প্রয়োজনীয় নথিসহ আবেদনপত্র জমা
ধাপ ৪	বিডা কর্তৃক আবেদনপত্র গ্রহণ করে এবং কাউন্টার বা রিসেপশনের মাধ্যমে আবেদনকারীকে একটি ট্র্যাকিং নম্বর প্রদান
ধাপ ৫	বিডা কর্তৃক আবেদনপত্র এবং সংযুক্ত নথিপত্র পর্যালোচনা; উপযুক্ত মনে হলে নিবন্ধন সনদ ইস্যুকরণ

প্রক্রিয়াচিত্র

শিল্প প্রকল্পের নিবন্ধন (যৌথ উদ্যোগ এবং ১০০% বিদেশি মালিকানাধীন)



ফি

আবেদন ফরম	২৫০ টাকা
লাইসেন্স ফি	প্রকল্প বিনিয়োগের ওপর ভিত্তি করে নিবন্ধন ফি (মূল নথির ফি-সূচি দেখুন) ৫,০০০ টাকা থেকে ১,০০,০০০ টাকা পর্যন্ত
অন্যান্য চার্জ	নির্দিষ্ট কিছুর উল্লেখ নেই

সময়সীমা

এসএলএ/সময়	১ দিন
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	প্রয়োজনীয় হালনাগাদ নথিপত্রের উপর নির্ভরশীল

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• একাধিক ধাপে যাচাই-বাছাই হওয়ায় অনুমোদন প্রক্রিয়া দীর্ঘ হয় • নথিপত্রের ওভারল্যাপিং– যেমন ট্রেড লাইসেন্স, টিআইএন, প্রকল্প প্রোফাইল, এনওসি-বিভিন্ন পর্যায়ে একাধিকবার জমা দিতে হয় • অনলাইন ওয়ান-স্টপ সার্ভিস থাকলেও কিছু ক্ষেত্রে অফলাইনে ফলো-আপের প্রয়োজন হয় • আরজেএসসি, এনবিআর এবং সিটি করপোরেশনের মতো সংশ্লিষ্ট সংস্থার সাথে সঠিক সমন্বয়ের অভাব; পর্যাপ্ত প্রযুক্তিগত ও প্রক্রিয়াগত নির্দেশনার ঘাটতি
স্থানভেদে পার্থক্য	নাগরিক সনদ অনুসরণ করুন অথবা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করুন।
যোগাযোগ	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ই-৬/বি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ পিএবিএক্স: +৮৮ ০২ ৯৫৬ ১৪১৬ ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৬ ২৩১২ ইমেইল: service@bida.gov.bd
সুপারিশ	**ওয়ান-স্টপ সার্ভিস (ওএসএস)-এর সমন্বয় সাধন:** উদ্যোক্তাদের যাতে একই নথিপত্র (যেমন–টিআইএন, ট্রেড লাইসেন্স) একাধিকবার জমা দিতে না হয়, তা নিশ্চিত করতে বিডার পোর্টালকে আরজেএসসি, এনবিআর এবং সিটি কর্পোরেশনগুলোর সাথে পুরোপুরি সংযুক্ত করা।

শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	শিল্প আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) পাওয়ার জন্য বিডা থেকে সুপারিশপত্র সংগ্রহ করা।
যাদের জন্য প্রযোজ্য	কাঁচামাল আমদানির প্রয়োজন রয়েছে এমন শিল্প প্রতিষ্ঠান।
সেবার আওতা	জাতীয়

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	প্রধানমন্ত্রীর কার্যালয়
দায়িত্বপ্রাপ্ত দপ্তর	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ই-৬/বি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও ঢাকা-১২০৭, বাংলাদেশ পিএবিএক্স: +৮৮ ০২ ৯৫৬ ১৪১৬ ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৬ ২৩১২ ইমেইল: service@bida.gov.bd
অনলাইন পোর্টাল/লিংক	https://www.bida.gov.bd

নবায়ন

সময়	বার্ষিক
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	অবশ্যই বিডা কর্তৃক নিবন্ধিত কোম্পানি হতে হবে।


প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
বিডা নিবন্ধন ও সর্বশেষ সংশোধনপত্র	
যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র	
ইনকরপোরেশন সার্টিফিকেট	
ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট	
প্রতি ইউনিট পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিযোগ্য কাঁচামালের তালিকা	
ট্রেড লাইসেন্সের কপি	কারখানার অবস্থান অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত এবং নির্দিষ্ট সেক্টর উল্লেখ থাকতে হবে
ফায়ার লাইসেন্স	হালনাগাদ
পরিবেশগত ছাড়পত্র / এনওসি	হালনাগাদ
সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের সদস্যপদ	হালনাগাদ
স্থানীয়/আমদানিকৃত যন্ত্রপাতির তালিকা	সিরিয়াল নং, যন্ত্রের নাম, পরিমাণ এবং মূল্য উল্লেখ করতে হবে
ট্রেজারি চালান	আমদানি নীতিমালা অনুযায়ী চিফ কন্ট্রোলার অব ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট-এর পক্ষে জমা দিতে হবে
(সকল নথি কোম্পানির চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর/ডিরেক্টর কর্তৃক সত্যায়িত হতে হবে)	

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী ওএসএস ফরম পূরণ করেন
ধাপ ২	আবেদনকারী যেকোনো তফসিলি ব্যাংকের মাধ্যমে বিডা-এর পক্ষে ২৫০ টাকা নিবন্ধন ফি জমা দেন এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংগ্রহ করেন
ধাপ ৩	আবেদনকারী প্রয়োজনীয় নথিসহ আবেদনপত্র জমা দেন
ধাপ ৪	বিডা আবেদনপত্র গ্রহণ করে এবং কাউন্টার/রিসেপশনের মাধ্যমে আবেদনকারীকে একটি ট্র্যাকিং নম্বর প্রদান করে
ধাপ ৫	বিডা আবেদনপত্র ও সংযুক্ত নথিসমূহ পর্যালোচনা করে এবং উপযুক্ত হলে নিবন্ধন সনদ ইস্যু করে

প্রক্রিয়াচিত্র

শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র



ফি

আবেদন ফরম	২৫০ টাকা
লাইসেন্স ফি	অন্তর্ভুক্ত
অন্যান্য চার্জ	সুনির্দিষ্ট নয়

সময়সীমা

এসএলএ	সুনির্দিষ্ট নয়
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	সাত কর্মদিবস (প্রয়োজনীয় নথিপত্র জমাদানের ওপর নির্ভরশীল)

নবায়ন (প্রয়োজন হলে)

প্রয়োজনীয় নথি	নতুন ইস্যুর অনুরূপ
প্রক্রিয়ার ধাপসমূহ	নতুন ইস্যুর অনুরূপ
ফি	নতুন ইস্যুর অনুরূপ

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• বিডা, ডিআইএফই, স্থানীয় সরকার কর্তৃপক্ষ এবং ইউটিলিটি প্রদানকারীদের যাচাই-বাছাইয়ে সময় লাগে • সম্পূর্ণ প্রক্রিয়া ডিজিটালভাবে সম্পন্ন করার সীমিত সুযোগ • বিনিয়োগকারীদের সচেতনতার অভাব
স্থানভেদে পার্থক্য	নাগরিক সনদ অনুসরণ করুন অথবা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করুন।
যোগাযোগ	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ই-৬/বি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ পিএবিএক্স: +৮৮ ০২ ৯৫৬ ১৪১৬ ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৬ ২৩১২ ইমেইল: service@bida.gov.bd
সুপারিশ	**ওয়ান-স্টপ সার্ভিস (OSS)-এর সমন্বয় সাধন:** উদ্যোক্তাদের যাতে একই নথিপত্র (যেমন–TIN, ট্রেড লাইসেন্স) একাধিকবার জমা দিতে না হয়, তা নিশ্চিত করতে BIDA-র পোর্টালকে RJSC, NBR এবং সিটি কর্পোরেশনগুলোর সাথে পুরোপুরি সংযুক্ত করা।

ফায়ার লাইসেন্স

সারসংক্ষেপ

উদ্দেশ্য	প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা মান যাচাই ও নিশ্চিত করা।
যাদের জন্য প্রয়োজন	বাণিজ্যিক, শিল্প প্রতিষ্ঠান এবং বহুতল ভবনের মালিকগণ।
সেবার আওতা	স্থানীয়

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স (FSCD) ৩৮-৪৬ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০ ফোন: +৮৮০-২-৯৫৫৫৫৫৫ ওয়েবসাইট: www.fireservice.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	www.fireservice.gov.bd

নবায়ন

সময়	বার্ষিক
মাধ্যম	অফলাইন/অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	প্রতিষ্ঠানকে অবশ্যই অগ্নি-নিরাপত্তা মানদণ্ড পূরণ করতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র	
বৈধ ট্রেড লাইসেন্সের কপি	প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সত্যায়িত
বাৎসরিক মূল্যায়ন সনদ বা ভাড়ার চুক্তিপত্রের কপি	প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সত্যায়িত
অনুমোদিত লেআউটের কপি	প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সত্যায়িত
ইনকরপোরেশন সনদ ও মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশনের কপি	আবেদনকারী প্রতিষ্ঠান হলে
স্থানীয় প্রতিনিধির নো-অবজেকশন সার্টিফিকেট (এনওসি)	
ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স (এফএসসিডি) অফিসের ছাড়পত্র	২৪ মিটার বা ৭ তলার বেশি বাণিজ্যিক বা বহুতল ভবনের ক্ষেত্রে
পূরণকৃত "তথ্য: গার্মেন্টস ফ্যাক্টরি" ফরম	গার্মেন্টস কারখানার ক্ষেত্রে
ডিপোজিট স্লিপ/ট্রেজারি চালান	

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনপত্র সংগ্রহ (ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স অফিস বা ইন্টারনেট থেকে)
ধাপ ২	আবেদনপত্র পূরণ করা
ধাপ ৩	প্রয়োজনীয় নথি সংগ্রহ করে পূরণকৃত আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করা
ধাপ ৪	আবেদনপত্র ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স (এফএসসিডি) অফিসে জমা দেওয়া
ধাপ ৫	এফএসসিডি পরিদর্শকের মাধ্যমে প্রতিষ্ঠানের পরিদর্শন
ধাপ ৬	এফএসসিডি অফিস থেকে ডিমান্ড নোট ইস্যু
ধাপ ৭	ডিমান্ড নোটে উল্লেখিত অর্থ জমা প্রদান
ধাপ ৮	ব্যাংক ডিপোজিট স্লিপ/ট্রেজারি চালান সংগ্রহ করে অফিসে জমা দেওয়া
ধাপ ৯	এফএসসিডি পরিদর্শকের মাধ্যমে পুনরায় পরিদর্শন
ধাপ ১০	ফায়ার লাইসেন্স ইস্যু

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	প্রযোজ্য নয়
লাইসেন্স ফি	৫,০০০ থেকে ৫০,০০০ টাকা
অন্যান্য চার্জ	উল্লেখ নেই

সময়সীমা

এসএলএ	৯০ দিন
সময়	সময় ভিন্ন হতে পারে

নবায়ন

প্রয়োজনীয় নথি	মেয়াদোত্তীর্ণ ফায়ার লাইসেন্সের মূল কপি এবং ট্রেজারি চালান
প্রক্রিয়ার ধাপসমূহ	নথি জমা দেওয়া এবং পরিদর্শন সম্পন্ন করা
ফি	মূল্যায়নের ওপর নির্ভরশীল

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• সীমিত ল্যাব সুবিধার কারণে দেরি হয় • জাতীয়, খাতভিত্তিক ও আন্তর্জাতিক– একাধিক মানদণ্ড মানতে হয় • মানদণ্ড পূরণ ও সম্পদ ঘাটতির কারণে কারখানা পরিদর্শন ও স্যাম্পল যাচাইয়ে বিলম্ব ঘটে • সম্পূর্ণ এন্ড-টু-এন্ড ডিজিটাল সিস্টেমের অভাব • নির্দেশিকা না থাকায় ভিন্ন ভিন্ন আমদানিকারক কমপ্লায়েন্সের শর্ত ভিন্নভাবে ব্যাখ্যা করে
স্থানভেদে ভিন্নতা	আবেদনকারীদের স্থানীয় ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স (এফএসসিডি) অফিসের সঙ্গে যোগাযোগ করতে হয়
যোগাযোগ	ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স (এফএসসিডি) ৩৮-৪৬ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০ ফোন: +৮৮০-২-৯৫৫৫৫৫৫ ওয়েবসাইট: www.fireservice.gov.bd
সুপারিশ	উদ্যোক্তাদের একই নথিপত্র (যেমন– টিআইএন, ট্রেড লাইসেন্স) একাধিকবার জমা দেওয়ার প্রয়োজনীয়তা দূর করতে বিডা-র পোর্টালটিকে আরজেএসসি, এনবিআর এবং সিটি কর্পোরেশনগুলোর সাথে সংযুক্ত করা।

গ্যাস সংযোগ

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	শিল্প বা বাণিজ্যিক ব্যবহারের জন্য প্রাকৃতিক গ্যাস সংযোগ গ্রহণ।
যাদের জন্য প্রয়োজন	শিল্প প্রতিষ্ঠান ও বাণিজ্যিক প্রতিষ্ঠান।
সেবার আওতা	তিতাস গ্যাসের সেবা এলাকা।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (এই কার্যালয়টি উদাহরণ হিসেবে প্রদান করা হয়েছে) তিতাস গ্যাস ভবন; ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ কারওয়ান বাজার কমার্শিয়াল এরিয়া, ঢাকা-১২১৫, বাংলাদেশ ফোন: +৮৮০২৮১১২১৩৫-৪২; +৮৮০২৮১৫০২৬১; +৮৮০২৮১৫০৮০৫ ওয়েবসাইট: www.titasgas.org.bd

নবায়ন

সময়	প্রয়োজন নেই
মাধ্যম	অফলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	স্থাপনাটি থাকতে হবে এবং গ্যাস সংযোগের জন্য প্রয়োজনীয় কারিগরি শর্ত পূরণ করতে হবে।

শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজপত্র


প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
নির্ধারিত আবেদনপত্র	মূল কপি
তিন (৩) কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি	সত্যায়িন প্রয়োজন
এনআইডি কপি	সত্যায়িন প্রয়োজন
হালনাগাদ ট্রেড লাইসেন্স কপি	সত্যায়িন প্রয়োজন
টিআইএন সার্টিফিকেট কপি	সত্যায়িন প্রয়োজন
মেমোরেন্ডাম অব আর্টিকেলস/সার্টিফিকেট অব ইনকরপোরেশন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে
জমির মালিকানার প্রমাণ	দলিল/রেজিস্ট্রেশন কাগজ ও ভূমি উন্নয়ন কর রশিদ
লিজ/ভাড়া চুক্তিপত্র ও সংশ্লিষ্ট প্রমাণ	লিজকৃত স্থাপনার ক্ষেত্রে
নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত হলফনামা	ভাড়াটিয়া ব্যর্থ হলে মালিক দায় নেবে
পাইপলাইন ডিজাইনের প্রস্তাবিত নকশা	চার কপি
গ্যাস যন্ত্রপাতির টেকনিক্যাল ক্যাটালগ	বয়লার/ওভেন/ড্রায়ার ইত্যাদি
রেভিনিউ ক্লিয়ারেন্স সার্টিফিকেট	প্রস্তাবিত স্থানে বকেয়া না থাকার প্রমাণ
প্রযোজ্য কর্তৃপক্ষের ক্লিয়ারেন্স/সার্টিফিকেট	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক
আবেদন ফি জমার রসিদ	শিল্প: ৫০০ টাকা / বাণিজ্যিক: ৩০০ টাকা
কন্ট্রাক্টর অ্যাপয়েন্টমেন্ট লেটার	মূল কপি

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	তিতাস গ্যাস থেকে আবেদনপত্র সংগ্রহ
ধাপ ২	প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন জমা
ধাপ ৩	৫ কর্মদিবসের মধ্যে যাচাইকরণ সার্ভে
ধাপ ৪	স্থাপনা ও যন্ত্রপাতির ভিত্তিতে গ্যাস লোড নির্ধারণ
ধাপ ৫	১৪-২০ কর্মদিবসের মধ্যে অনুমোদনপত্র প্রদান
ধাপ ৬	৭ কর্মদিবসের মধ্যে কমিশনিং ফি ও সিকিউরিটি ডিপোজিটের ডিমান্ড নোট প্রদান
ধাপ ৭	ফি ও ডিপোজিট জমা দিয়ে ডিজাইন অনুমোদন গ্রহণ
ধাপ ৮	আবেদনকারী অভ্যন্তরীণ পাইপলাইন নির্মাণ করবে
ধাপ ৯	কন্ট্রাক্টর টেস্ট শিডিউল প্রদান করবে
ধাপ ১০	রাস্তা কাটার পারমিট (সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ/রোডস অ্যান্ড হাইওয়ে অথরিটি) জমা দেবে
ধাপ ১১	পারমিট পাওয়ার পর গ্যাস বিক্রয় চুক্তি সম্পন্ন হবে
ধাপ ১২	৪ কর্মদিবসের মধ্যে সার্ভিস লাইন নির্মাণ
ধাপ ১৩	সংযোগ প্রদান

প্রক্রিয়াচিত্র

গ্যাস সংযোগ (শিল্প)




বাণিজ্যিক সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজপত্র	মন্তব্য
১। নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ (ব্যাংক/জোন/রিজিওনাল অফিস/ফটোকপি/ওয়েবসাইট)	
২। আবেদনকারীর ৩ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি	সত্যায়ন প্রয়োজন
৩। এনআইডি ফটোকপি	সত্যায়ন প্রয়োজন
৪। হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি	সত্যায়ন প্রয়োজন
৫। টিআইএন সার্টিফিকেট	সত্যায়ন প্রয়োজন
৬। জমির মালিকানার প্রমাণ (দলিল/নিবন্ধন কাগজ/ভূমি উন্নয়ন কর রশিদ)	সত্যায়ন প্রয়োজন
৭। লিজ/ভাড়ার চুক্তিপত্র (প্রযোজ্য হলে)	
৮। টেন্যান্ট ব্যর্থ হলে মালিক দায় নেবে–এমন নোটারি সত্যায়িত হলফনামা	সত্যায়ন প্রয়োজন
৯। প্রস্তাবিত অভ্যন্তরীণ পাইপলাইন নকশা	৪ কপি
১০। গ্যাস যন্ত্রপাতির টেকনিক্যাল ক্যাটালগ (বয়লার/জেনারেটর ইত্যাদির জন্য ন্যূনতম জ্বালানি দক্ষতা)	৪ কপি

বাণিজ্যিক সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজপত্র	মন্তব্য
১১। বিদ্যমান/বন্ধ সংযোগের বকেয়া না থাকার রেভিনিউ ক্লিয়ারেন্স	বয়লার/ওভেন/ড্রায়ার ইত্যাদি
১২। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র	প্রযোজ্য হলে
১৩। আবেদন ফি ৩০০ টাকা জমার রসিদ	প্রযোজ্য হলে
১৪। কন্ট্রাক্টর অ্যাপয়েন্টমেন্ট লেটার	

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড থেকে আবেদনপত্র সংগ্রহ
ধাপ ২	প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন জমা
ধাপ ৩	তিতাস কর্মকর্তা ৫ কর্মদিবসের মধ্যে সার্ভে করবেন
ধাপ ৪	আমদানিকৃত কাঠামো, আকার এবং বয়লার ক্যাটালগ অনুযায়ী গ্যাস লোড নির্ধারণ
ধাপ ৫	যাচাইকরণ শেষে ১৪ কর্মদিবসের মধ্যে অনুমোদনপত্র
ধাপ ৬	৭ কর্মদিবসের মধ্যে কমিশনিং ফি ও সিকিউরিটি ডিপোজিটের ডিমান্ড নোট
ধাপ ৭	ফি জমা দিয়ে ডিজাইন অনুমোদন গ্রহণ
ধাপ ৮	আবেদনকারী অভ্যন্তরীণ পাইপলাইন নির্মাণ করবে
ধাপ ৯	কন্ট্রাক্টর টেস্ট শিডিউল প্রদান করবে
ধাপ ১০	রাস্তা কাটার জন্য পারমিট (সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ/সড়ক ও জনপথ) আবেদনকারী জমা দেবে
ধাপ ১১	পারমিট পাওয়ার পর গ্যাস বিক্রয় চুক্তি সম্পন্ন
ধাপ ১২	চুক্তির পর ৪ কর্মদিবসের মধ্যে সার্ভিস লাইন নির্মাণ
ধাপ ১৩	সংযোগ প্রদান

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	
লাইসেন্স ফি	শিল্প: ৫০০ টাকা, বাণিজ্যিক: ৩০০ টাকা; ১০ মেগাওয়াট বা তার বেশি ক্যাপাসিটির ক্যাপটিভ গ্রাহকদের জন্য: কমিশনিং ফি ১১,৫০০ টাকা; ক্যাপাসিটি বৃদ্ধির ফি ৫,০০০ টাকা
অন্যান্য চার্জ	সিকিউরিটি ডিপোজিট

সময়সীমা

আইনগত সার্ভিস লেভেল এগ্রিমেন্ট:	
• বাণিজ্যিক:	৪৯ কর্মদিবস
• শিল্প:	৫৩ কর্মদিবস
সাধারণত প্রক্রিয়াকরণের সময়:	বাণিজ্যিক ক্ষেত্রে সাধারণত ৩.৫ মাসের বেশি সময় লাগে

নবায়ন (প্রয়োজন সাপেক্ষে)

প্রয়োজনীয় নথি	প্রযোজ্য নয়
প্রক্রিয়ার ধাপ	প্রযোজ্য নয়
ফি	প্রযোজ্য নয়

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা:	সড়ক ও জনপথ অধিদপ্তর থেকে পারমিট পেতে দীর্ঘ সময় লাগে বিদ্যমান অবকাঠামোর সীমাবদ্ধতা সংযোগ প্রদানে বিলম্ব সৃষ্টি করে পাইপলাইন ফিজিবিলিটি, নিরাপত্তা ব্যবস্থা ও অন্যান্য ইউটিলিটি দূরত্ব সংক্রান্ত তথ্যের অভাব
জেলাভিত্তিক ভিন্নতা	জেলা অনুযায়ী প্রক্রিয়ায় পার্থক্য হতে পারে।
যোগাযোগের ঠিকানা	তিতাস গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি তিতাস গ্যাস ভবন, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮০২৮১১২১৩৫-৪২; +৮৮০২৮১৫০২৬১; +৮৮০২৮১৫০৮০৫ ওয়েবসাইট: www.titasgas.org.bd
সুপারিশ	• রাস্তা খোঁড়ার অনুমতি সংক্রান্ত দীর্ঘসূত্রতা নিরসনে তিতাস গ্যাস এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মধ্যে একটি সমন্বিত অনুমোদন ব্যবস্থা গড়ে তোলা।

পানি সংযোগের অনুমোদন - বাণিজ্যিক বা শিল্প খাত

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাণিজ্যিক বা শিল্প স্থাপনায় আইনসম্মত পানি সংযোগ গ্রহণ করা।
যাদের জন্য প্রয়োজন	বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানসমূহ।
সেবার আওতা	ওয়াসা সেবা এলাকা।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ঢাকা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যুয়ারেজ অথরিটি (ঢাকা ওয়াসা) (এই কার্যালয়টি উদাহরণ হিসেবে প্রদান করা হয়েছে) ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বাংলাদেশ ফোন: +৫৫০১২৪১৬-২২, ওয়াসা লিঙ্ক-১৬১৬২
অনলাইন পোর্টাল/লিঙ্ক	www.dwasa.org.bd

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	স্থাপনাটি অবশ্যই ঢাকা ওয়াসার সেবা এলাকার মধ্যে থাকতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
সাম্প্রতিক তোলা রঙিন ছবি	৩০০x৩০০ পিক্সেল, সর্বোচ্চ ১০ কেবি, JPG
জাতীয় পরিচয়পত্র / জন্মনিবন্ধন / পাসপোর্ট	মূল কপির অনুলিপি
সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স রসিদ অথবা জমির প্লট (দাগ) নম্বর	মূল কপির অনুলিপি
জমির মালিকানার দলিল	মূল কপির অনুলিপি
ভবনের নকশা ও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র	প্রযোজ্য হলে
জমির মালিকানার সত্যায়িত কপি অথবা লিজ/ভাড়া চুক্তিপত্র এবং ট্রেড লাইসেন্স	বাণিজ্যিক/শিল্প সংযোগের ক্ষেত্রে, যদি জমি ভাড়াকৃত হয়
মেমোরেন্ডাম অব আর্টিকেলসের কপি	লিমিটেড কোম্পানির জন্য
কোম্পানির আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের কপি	শিল্প সংযোগের জন্য
প্রতিষ্ঠানের অফিসিয়াল লেটারহেডে আবেদনপত্রের কপি	সরকারি বা প্রাতিষ্ঠানিক সংযোগের জন্য
ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের কপি	কমিউনিটি সংযোগের জন্য
বিদ্যমান একাউন্ট নম্বর	সংযোগ বৃদ্ধি/স্থানান্তর/দ্বিতীয় সংযোগের জন্য
সচল মোবাইল নম্বর	স্থানান্তর


ডিপ টিউবওয়েল

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
১. জমির দলিল / মিউটেশন / ভাড়া কাগজ	–
২. সিটি ট্যাক্স	প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত
৩. প্লটের বিবরণ, যা সিটি কর্পোরেশন বা রাজউকের নথিতে লিপিবদ্ধ	প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত
৪. পানি বিল	প্রয়োজন হলে

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	ঢাকা ওয়াসার ওয়েবসাইট থেকে আবেদন সংক্রান্ত তথ্য অনুসন্ধান করা।
ধাপ ২	প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়া।
ধাপ ৩	প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের যেকোনো স্থানীয় শাখায় সংযোগ ফি পরিশোধ করা।
ধাপ ৪	সংশ্লিষ্ট MODS এবং রাজস্ব জোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
ধাপ ৫	কর্তৃপক্ষের (ব্যবস্থাপনা পরিচালক) অনুমোদনের পর, আবেদনকারী অনুমোদনের বিষয়ে একটি টেক্সট বার্তা পাবেন।
ধাপ ৬	এরপর MODS জোনের এক্সইএন (XEN) ডিমান্ড নোট ইস্যু করতে পারবেন। (প্রযোজ্য হলে)
ধাপ ৭	ডিমান্ড নোট (সংযোগ ফি + মিটারের খরচ) ও সিকিউরিটি ডিপোজিটের টাকা পরিশোধের পর আবেদনকারী সংযোগের অনুমতিপত্র সংগ্রহ করতে পারবেন।
ধাপ ৮	এরপর আবেদনকারী ডিপ টিউবওয়েল খননের তারিখ নির্ধারণ করে জানাবেন। (ডিপ টিউবওয়েলের জন্য)
ধাপ ৯	পরে MODS জোনের XEN একটি সার্টিফিকেট প্রদান করবেন। (ডিপ টিউবওয়েলের জন্য)

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদনপত্র	
লাইসেন্স ফি	ঢাকা ওয়াসার পানি ও পয়ঃনিষ্কাশন সংযোগের জন্য বিভিন্ন সাইজ অনুযায়ী ফি (ধারণা করা হয়েছে, রাস্তার পানির লাইনের থেকে দূরত্ব ১০ মিটার)

ক্র. নং	পানির আকার পয়ঃনিষ্কাশন সংযোগ	চার্জ/ফি (বিডিটি)	মিটার চার্জ (ভ্যাট ছাড়া)
১	৩৭ মিমি (১.৫ ইঞ্চি)	৪১,১৯৬.০০	২০,১৩৬.০০
২	২৫ মিমি (১.০ ইঞ্চি)	১৪,৮৩৬.০০	৯,০২৮.০০
৩	২০ মিমি (৩/৪ ইঞ্চি)	১০,৬১৬.০০	৬,৬৭৫.০০
৪	৫০ মিমি (গভীর নলকূপ)	২৫,২৬০.০০ (ভ্যাট ছাড়া)	

অন্যান্য চার্জ	নিরাপত্তা আমানত (এলআইসি এবং অস্থায়ী সংযোগ)

সময়সীমা

এসএলএ	১৪দিন
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	১ মাস

নবায়ন

প্রয়োজনীয় নথি:	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ:	প্রয়োজন নেই
ফি	ডিপ টিউবওয়েল জন্য

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• ম্যানুয়াল যাচাইকরণ এবং জটিল আমলাতান্ত্রিক প্রক্রিয়ার কারণে সংযোগ পেতে দেরি হয় • একাধিক নির্ভরশীল সংস্থা যুক্ত থাকার ফলে সমন্বয়জনিত জটিলতা ও বিলম্ব দেখা যায়
স্থানীয় ভিন্নতা	জেলা/উপজেলা পর্যায়ে প্রক্রিয়াগত কিছু ভিন্নতা থাকতে পারে
যোগাযোগর ঠিকানা	ঢাকা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যুয়ারেজ অথরিটি (ঢাকা ওয়াসা) ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বাংলাদেশ। ফোন: ফোন: +৫৫০১২৪১৬-২২, ওয়াসা লিঙ্ক-১৬১৬২ ওয়েবসাইট: www.dwasa.org.bd
সুপারিশ	বর্তমান ম্যানুয়াল যাচাইকরণ ও আমলাতান্ত্রিক প্রক্রিয়ার পরিবর্তে একটি স্বয়ংক্রিয় ও সময়সীমা-ভিত্তিক অনুমোদন ব্যবস্থা চালু করুন।

বিদ্যুৎ সংযোগ অনুমোদন

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	স্থাপনার জন্য বৈধ বিদ্যুৎ সংযোগ গ্রহণ।
যাদের জন্য প্রয়োজন	আবাসিক, বাণিজ্যিক ও শিল্প গ্রাহক।
সেবার আওতা	ডেসকো (DESCO) সেবা এলাকা।

কর্তৃপক্ষ

ইস্যুকারী সংস্থা	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) প্লট-২২/বি, ফারুক সরণী, নিকুঞ্জ-২, উত্তরা, ঢাকা ফোন: +৮৮-০২-৮৯০০১১০/১১ ই-মেইল: info@desco.org.bd; mddesco@desco.org.bd ওয়েবসাইট: www.desco.org.bd
অনলাইন পোর্টাল লিঙ্ক	https://ocsms.desco.org.bd/login

নবায়ন

সময়	নবায়ন প্রয়োজন নেই
মাধ্যম	অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	স্থাপনাটি অবশ্যই DESCO-র নিবন্ধিত ঠিকাদারের মাধ্যমে তার সংযুক্ত (wired) হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট	
মালিকানা প্রমাণ–দলিল/ভূমি কর রসিদ/মিউটেশন/লিজ দলিল/সরকারি বরাদ্দপত্র	মালিকানা বা ভাড়াটিয়ার প্রমাণ
ভবনের নকশা (RAJUK বা ক্যান্টনমেন্ট বোর্ড অনুমোদিত), হোল্ডিং নম্বর	প্রযোজ্য হলে
সাবস্টেশন পরিচালনার অনুমোদন–চিফ ইলেকট্রিক্যাল ইন্সপেক্টরের কাছ থেকে	MT/HT/EHT সংযোগের ক্ষেত্রে
অগ্নি নির্বাপণ অধিদপ্তরের লাইসেন্স/সার্টিফিকেট	উচ্চ ভবন বা ৫০ কিলোওয়াটের বেশি লোডের ক্ষেত্রে
পূর্ববর্তী সংযোগ থাকলে বিল/ডিমান্ড নোটের কপি	প্রযোজ্য হলে
তারের (Wiring) সার্টিফিকেট	DESCO-র অনুমোদিত ঠিকাদার কর্তৃক ইস্যুকৃত
আবেদনকারীর ই-টিআইএন সার্টিফিকেট	–
লোড ছাড়পত্র	২৫০ কিলোওয়াটের বেশি লোড হলে

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ-১	DESCO পোর্টালে নিবন্ধন/লগইন করে অনলাইনে আবেদন জমা।
ধাপ-২	MT/HT/EHT সংযোগের ক্ষেত্রে সাবস্টেশন স্থাপনের পর প্রধান বৈদ্যুতিক পরিদর্শকের (Chief Electrical Inspector) অনুমোদন গ্রহণ।
ধাপ-৩	মাঠ পরিদর্শন (Field Inspection) সম্পন্ন করা এবং অনলাইনে তারবিন্যাস (Wiring), লোড, আর্থিং ইত্যাদি সংক্রান্ত প্রতিবেদন দাখিল।
ধাপ-৪	লোড অনুমোদনের জন্য প্রাসঙ্গিক অনলাইন কর্তৃপক্ষের নিকট আবেদন/নথি জমা প্রদান।
ধাপ-৫	অনলাইনে দাবিপত্র (Demand Note) জারি। দাবিপত্রে উল্লিখিত অর্থ অনলাইনে পরিশোধ।
ধাপ-৬	বাণিজ্যিক ব্যবহারকারীদের নেট মিটারিং নির্দেশিকা (Net Metering Guidelines) অনুযায়ী সৌর-বিদ্যুৎ ব্যবস্থা (Solar Szstem) স্থাপন করতে হবে।
ধাপ-৭	সৌর-পরিদর্শন (Solar Inspection) সম্পন্ন হলে মিটার স্থাপনের জন্য গ্রাহক মিটার আদেশ (Customer Meter Order – CMO) জারি করা হয়।

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদনপত্র	অনলাইন

লাইসেন্স ফি	• LT সংযোগের ক্ষেত্রে:
	  ◦ এক-ফেজ (Single-phase): ১২০ টাকা
	  ◦ ত্রি-ফেজ (Three-phase): ৩৬০ টাকা
	• MT I HT সংযোগের ক্ষেত্রে: ১,২০০ টাকা
	• EHT সংযোগের ক্ষেত্রে: ২,৪০০ টাকা
	• অস্থায়ী সংযোগের জন্য:
	  ◦ LT সিঙ্গেল-ফেজ: ৩০০ টাকা
	  ◦ LT থ্রি-ফেজ: ৬০০ টাকা
	• MT: ১,২০০ টাকা

অন্যান্য চার্জ:	বাণিজ্যিক সংযোগের ক্ষেত্রে নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী সোলার সিস্টেম স্থাপনের ব্যয়।

সময়সীমা

এসএলএ/সময়	
• LT সংযোগ:	৭ দিন
• MT সংযোগ:	১৮ দিন
• নির্ধারিত সময়সীমা	এসএলএ অনুযায়ী

নবায়ন

প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজন নেই
প্রক্রিয়াগত ধাপসমূহ	প্রয়োজন নেই
ফি/চার্জ	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• বিদ্যুৎ সংকট • রাজনৈতিক প্রভাব • অপর্যাপ্ত অবকাঠামো • নীতিমালার জটিলতা
স্থানীয় ভিন্নতা	প্রক্রিয়ায় এলাকা ভিত্তিক ভিন্নতা থাকতে পারে।
যোগাযোগের ঠিকানা	ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (DESCO) প্লট-২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, উত্তরা, ঢাকা ফোন: +৮৮-০২-৮৯০০১১০/১১ ই-মেইল: info@desco.org.bd; mddesco@desco.org.bd ওয়েবসাইট: www.desco.org.bd
সুপারিশ	অপর্যাপ্ত স্থানীয় অবকাঠামো উন্নয়নের বিষয়টিকে অগ্রাধিকার দিন, যা বর্তমানে নতুন শিল্প-সংযোগ স্থাপনে বাধা সৃষ্টি করছে।

আমদানি নিবন্ধন সনদ

সারসংক্ষেপ

উদ্দেশ্য	বাণিজ্যিক আমদানি কার্যক্রমে অংশগ্রহণের জন্য আমদানি বিধি মেনে চলা ও আইনগত অনুমোদন গ্রহণ।
যাদের জন্য প্রয়োজন	যেসব ব্যবসা প্রতিষ্ঠান বাণিজ্যিক উদ্দেশ্যে আমদানি কার্যক্রমে যুক্ত।
সেবার আওতা	সারা বাংলাদেশ (জাতীয়)।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত অফিস	চিফ কন্ট্রোলার অব ইমপোর্টস অ্যান্ড এক্সপোর্টস (CCI&E) Office of the Chief Controller of Imports & Exports এনএসসি টাওয়ার, ১৫তম তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ ফোন: ০২-৯৫৫১৫৫৬ ই-মেইল: controller.chief@ccie.gov.bd
অনলাইন পোর্টাল/ লিংক	https://olm.ccie.gov.bd/

নবায়ন

নবায়নের ফ্রিকোয়েন্সি	বার্ষিক
আবেদনের ধরণ	অনলাইন

প্রয়োজনীয়তা

পূর্বশর্ত	প্রতিষ্ঠানটি অবশ্যই নিবন্ধিত ব্যবসা প্রতিষ্ঠান হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
অনলাইনে পূরণকৃত ফরম	
স্ক্যান করা নথি (PDF, JPG, PNG ফরম্যাট)	ফাইল সাইজ ৫ মেগাবাইটের কম হতে হবে
